

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বিষয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূরুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ : ৩০/০৬/২০২১ খ্রিঃ
সময় : সকাল: ১২.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কার্যক্রমের বিষয়ে আলোচনা করেন। এরপর তিনি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ-কে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২০-২১ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করতে বলেন। সদস্য সচিব বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন প্রতিবেদন বিস্তারিত উপস্থাপন করেন। সভাপতি বলেন, এ বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় ইনোভেশন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তিনি যথাসময়ে প্রতিবেদন চূড়ান্তপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। অতঃপর চীফ ইনোভেশন অফিসার বিবিএস এর উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বার্ষিক স্ব-মূল্যায়িত প্রতিবেদন সম্পর্কে অবহিত করার জন্য বিবিএস এর ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব শফিকুল ইসলাম, উপপরিচালক-কে অনুরোধ করেন। বিবিএস এর ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব শফিকুল ইসলাম এ বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। সভাপতি বিবিএসকে তাদের কার্যক্রম আরো নিষ্ঠার সাথে পালনসহ কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি নিয়মিতভাবে এ ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ইনোভেশন টিমকে অবহিত করার অনুরোধ করেন। এছাড়া এ বিভাগের ইনোভেশন টিমকে বিবিএস এর কার্যক্রম আরো নিবিড়ভাবে পরিবীক্ষণ করার উপর গুরুত্বারোপ করেন।

০৩। এ পর্যায়ে ইনোভেশন টিমের সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব মু: ওয়াহিদ মুরাদ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সম্পর্কে সভাকে অবহিত করেন এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা ২০২১-২২ সভায় উপস্থাপন করেন।

০৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো তাদের কর্মপরিকল্পনার কার্যক্রম সম্পাদনের বিষয়ে এ বিভাগের ইনোভেশন টিমকে নিয়মিত অবহিত করবেন এবং এ বিভাগের ইনোভেশন টিমও বিবিএস এর কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করবেন।
- এ বিভাগের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রস্তুতকৃত স্ব-মূল্যায়ন প্রতিবেদন সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর প্রস্তুতকৃত স্ব-মূল্যায়ন প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর

